# "তারুণ্যের উৎসব-২০২৫" উপলক্ষ্যে বাংলাদেশ কোস্ট গার্ড কর্তৃক বাস্তবায়িত কর্মসূচীর প্রতিবেদন- জুন ২০২৫

| তারিখ ও সময় | বেইস/স্টেশন/ আউটপোস্ট | কর্মসূচীর বিবরণ |
|---|---|---|
| ১৮ জুন ২০২৫ | বিসিজি বেইস মোংলা এবং বিসিজি আউটপোস্ট নলিয়ান | **জনসচেতনাতামূলক সভা।** গত ১৮ জুন ২০২৫ তারিখ ১০৩০ হতে ১২০০ ঘটিকা পর্যন্ত বিসিজি আউটপোস্ট নলিয়ান কর্তৃক স্থানীয় জেলে, মাঝি, পেশাজীবী ও সাধারণ জনগণের উপস্থিতিতে জনসচেতনতামূলক সভার আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ কোস্ট গার্ডের পাশাপাশি নলিয়ান নৌ পুলিশ প্রতিনিধি, মৎস্য প্রতিনিধি, বনবিভাগের প্রতিনিধি, জেলে সমবায় সমিতির প্রতিনিধি, বোট মালিক সমবায় সমিতির প্রতিনিধি, শিক্ষক, ছাত্র প্রতিনিধিসহ স্থানীয় জনসাধারণ উপস্থিত ছিলেন। জনসচেতনতামূলক সভায় আমন্ত্রিত অতিথিবৃন্দ বিভিন্ন বিষয়ের ওপর সাধারণ জনগণের উদ্দেশ্যে সচেতনতামূলক বক্তব্য প্রদান করেন। উক্ত সভায় লেঃ কমান্ডার মোঃ রুহুল আমিন, (জি), বিএন অবৈধ ভাবে মাদকদ্রব্য পাচার রোধ, চোরাচালান রোধ, অবৈধভাবে মৎস্য আহরণ রোধ এবং নৌযান ও নৌপথে জান মালের নিরাপত্তা প্রদান বিষয়ে বক্তব্য প্রদান করেন। উক্ত সভার মাধ্যমে সাধারণ জনগণের মাঝে ব্যাপক সচেতনতার সৃষ্টি হবে বলে প্রতীয়মান। জনসাধারণের উপস্থিতিঃ ২১০ জন (পুরুষ ৬৫, নারী ৯০ শিশু/ কিশোর ৫৫ জন)<br><br>**মেডিকেল ক্যাম্পেইন।** গত ১৮ জুন ২০২৫ তারিখ ১২০৫ হতে ১৪৩০ ঘটিকা পর্যন্ত বিসিজি বেইস মোংলা কর্তৃক খুলনা জেলার দাকোপ থানাধীন নলিয়ান ও তৎসংলগ্ন এলাকার জনসাধারণের মাঝে এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই স্লোগানে "তারুণ্যের উৎসব - ২০২৫" বাস্তবায়নে বিসিজি আউটপোস্ট নলিয়ান CCMC প্রাঙ্গনে স্থানীয় তরুণদের অংশগ্রহণে মেডিকেল ক্যাম্পেইন পরিচালনা করা হয়। উক্ত মেডিকেল ক্যাম্পেইনে স্থানীয় তরুণগণ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করে। এছাড়াও, অংশগ্রহণকারী কিশোর তরুণ ও যুবকদের মধ্যে দেশ প্রেম ও সামাজিক দায়িত্ববোধ পুনরুজ্জীবিত করার নিমিত্তে ভালো কাজে উদ্বুদ্ধ করা সহ প্রাকৃতিক দুর্যোগের সময় উপকূল ও নদী তীরবর্তী এলাকাসমূহে আঘাত আনার পূর্বে এবং পরবর্তী সময়ে করণীয় সম্পর্কে আলোচনা এবং অগ্নি নির্বাপনী সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত মেডিকেল ক্যাম্পেইন এর মাধ্যমে বর্ণিত অঞ্চলের অসহায়, গরীব, দুঃস্থ ও শিশুদের বিনামূল্যে চিকিৎসা সেবা ও প্রয়োজনীয় ঔষধ সামগ্রী প্রদান করা হয়। সেবা গ্রহীতাদের সংখ্যাঃ ১৭১ জন (পুরুষ ৪৬, নারী ৮৫ এবং শিশু/ কিশোর ৪০ জন)। |
| ২৫ জুন ২০২৫ | বিসিজি বেইস অগ্রযাত্রা | **প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা।** বিসিজি বেইস অগ্রযাত্রা কর্তৃক গত ২৫ জুন ২০২৫ তারিখ ০৮৩০ হতে ১৬০০ ঘটিকা পর্যন্ত "এসো দেশ বদলাই, পৃথিবী বদলাই" প্রতিপাদ্যে "তারুণ্যের উৎসব ২০২৫" কে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় বিসিজি বেইস অগ্রযাত্রার চিকিৎসা দল এবং পটুয়াখালী জেলা প্রশাসকের কার্যালয় কর্তৃক নির্বাচিত সর্বমোট ৪৬ জন (ছেলে ৩৪ জন, মেয়ে ১২ জন) শিক্ষার্থী ঘাঁটিস্থ অগ্রযাত্রা হলে প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করে। কর্মশালায় প্রাথমিক চিকিৎসা বিষয়ক (তাপমাত্রা মাপা, রক্তচাপ মাপা, সিপিআর, পানিতে ডোবা, আগুনে পোড়া, সাপে কাটা, রক্তক্ষরণ, হাড়ভাঙ্গা, শক, তীব্র তাপদাহ ) ইত্যাদি বিষয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক প্রশিক্ষণ এবং সার্টিফিকেট প্রদান করা হয়। অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীদের জন্য সকালের নাস্তা, স্ট্যান্ডইজি এবং প্যাকেট লাঞ্চ সরবরাহ করা হয়। পটুয়াখালী সদর থেকে বিসিজি বেইস অগ্রযাত্রা পর্যন্ত পরিবহন সুবিধার ব্যবস্থা করা হয়। এই কর্মশালা শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য সেবা প্রদান পদ্ধতি, রোগীর সাথে আচরণ এবং সামাজিক শৃঙ্খলা রক্ষার প্রাথমিক ধারনা লাভের একটি কার্যকর প্ল্যাটফর্ম হিসেবে কাজ করেছে। শিক্ষার্থীরা ভবিষ্যতেও বাংলাদেশ কোস্ট গার্ডকে এ ধরনের কর্মশালার আয়োজন অব্যাহত রাখার আহবান ব্যক্ত করেন। |
| ২৫ জুন ২০২৫ | বিসিজি বেইস চট্টগ্রাম | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ফায়ার ফাইটিং মহড়া।** গত ২৫ জুন ২০২৫ তারিখ ০৯০০- ১৩৩০ ঘটিকা পর্যন্ত বিসিজি বেইজ চট্টগ্রাম কর্তৃক আগ্রাবাদ ফায়ার সার্ভিস স্টেশনে প্রাকৃতিক |

| | | |
|---|---|---|
| | | দুর্যোগ মোকাবেলার পূর্ব প্রস্তুতি ও দুর্যোগ পরবর্তী করণীয় এবং ফায়ার ফাইটিং মহড়া এর উপর একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় ১৫ জন কোস্ট গার্ড সদস্য, ২০ জন নৌস্কাউট সদস্য এবং ০৬ জন ফায়ার সার্ভিসের প্রশিক্ষক উপস্থিত ছিলেন। কর্মশালাটি তাত্ত্বিক এবং ব্যবহারিক দুইটি অংশে বিভক্ত ছিল। তাত্ত্বিক অংশটি ডিজিটাল মাল্টিমিডিয়ার মাধ্যমে সাবলীলভাবে উপস্থাপন করা হয়। নৌ স্কাউটের সদস্যগণ প্রশ্নোত্তরের মাধ্যমে ক্লাসটিতে উৎফুল্লভাবে অংশগ্রহণ করে। পরবর্তীতে ব্যবহারিক অংশে স্কাউট সদস্যগণ এবং কোস্ট গার্ড সদস্যগণ স্বশরীরে অংশগ্রহণ করে। উল্লেখ্য ব্যবহারিক অংশে দুর্যোগকালীন উদ্ধার অভিযানের ডেমো, বিভিন্ন ধরনের ফায়ার ফাইটিং ব্যবহারিক প্রশিক্ষণ এবং উদ্ধার তৎপরতায় ব্যবহৃত বিভিন্ন ধরনের যন্ত্রপাতির ব্যবহার দেখানো হয়। |
| ২৬ জুন ২০২৫ | বিসিজি বেইস ভোলা | **<u>বন্যা ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মশালা</u>**। গত ২৫ জুন ২০২৫ কর্তৃক তারুণ্যের উৎসব-২০২৫ সাফল্যমন্ডিত করার লক্ষ্যে বিসিজি বেইস ভোলার প্রশাসনিক ভবনের নিচ তলায় বন্যা ও ঘূর্ণিঝড় প্রস্তুতির উপর একটি কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় ডেপুটি ডাইরেক্টর, সিপিপি ও জেলা সরকারী স্কুলের ০৭ জন শিক্ষকসহ ৩৫ জন শিক্ষার্থী উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় তরুণ শিক্ষার্থীদের মাঝে বন্যা ও ঘূর্ণিঝড়ের পূর্ব প্রস্তুতি, দূর্যোগ চলাকালীন করণীয় এবং দূর্যোগ পরবর্তী কার্যক্রম সম্পর্কে আলোকপাত করা হয়। |
| ২৯ জুন ২০২৫ | বিসিজি স্টেশন চাঁদপুর | **<u>নৌপথে নিরাপত্তা</u>**। **"তারুণ্যের উৎসব-২০২৫"** সাফাল্যমন্ডিত করার লক্ষ্যে গত ২৯ জুন ২০২৫ বিসিজি স্টেশন চাঁদপুর কর্তৃক চাঁদপুর সদর উপজেলার অন্যতম প্রাচীন বিদ্যাপীঠ 'দ্বারকানাথ (ডিএন) উচ্চ বিদ্যালয়' এর ৫০ জন শিক্ষার্থীর উপস্থিতিতে নৌপথে নিরাপত্তা বিষয়ে সচেতনতামূলক সভার আয়োজন করা হয়। উক্ত সভায় তরুণ শিক্ষার্থীদের স্বতঃফূর্তভাবে অংশগ্রহণ এবং আগ্রহ পরিলক্ষীত হয়। |










চিত্রঃ ১৮ জুন ২০২৫ বিসিজি বেইস মোংলা এবং বিসিজি স্টেশন নলিয়ান কর্তৃক মেডিকেল ক্যাম্পেইন ও জনসচেতনতামূলক সভা










**চিত্রঃ ২৫ জুন ২০২৫ বিসিজি বেইস অগ্রযাত্রা কর্তৃক প্রাথমিক চিকিৎসা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা**




চিত্রঃ ২৫ জুন ২০২৫ বিসিজি বেইস চট্টগ্রাম কর্তৃক দুর্যোগ ব্যবস্থাপনা ও ফায়ার ফাইটিং মহড়া









**চিত্রঃ ২৬ জুন ২০২৫ বিসিজি বেইস ভোলা কর্তৃক বন্যা ও ঘূর্ণিঝড় প্রস্তুতির বিষয়ে কর্মশালা**










চিত্রঃ ২৬ জুন ২০২৫ বিসিজি স্টেশন চাঁদপুর কর্তৃক নৌপথে নিরাপত্তা বিষয়ে কর্মশালা